

2018

BENGALI

( Major )

Paper : 4.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) 'অ', 'আ', 'ই', 'ঈ'-এর মধ্যে সংবৃত স্বরধ্বনি কোনটি ?
- (খ) 'খ', 'ড', 'ড়', 'র'-এর মধ্যে তাড়িত ব্যঞ্জন কোনটি ?
- (গ) মধ্য-ধ্বনি লোপের একটি উদাহরণ দাও।
- (ঘ) বাক্য > বাক্য > বাইক—এখানে ধ্বনি-পরিবর্তনের কোন সূত্রটি অনুসৃত হয়েছে ?
- (ঙ) ফরাসি ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে গৃহীত যে কোনো একটি শব্দের উল্লেখ করো।
- (চ) তানপ্রধান ছন্দের রীতি অনুসারে 'উজ্জ্বল' শব্দটির মাত্রা কত ?

- (ছ) বাংলা ছন্দের আলোচনায় 'অক্ষর' (syllable) কয় প্রকার ?
- (জ) বাংলা ছন্দে পূর্ণ পর্বের সবচাইতে হ্রস্ব পর্বটি কত মাত্রার হয় ?
- (ঝ) বাংলায় 'অনুপ্রাস' অলংকার কয় প্রকার ?
- (ঞ) "ভারত ভারতখ্যাত আপনার গুণে।"—কোন অলংকারের উদাহরণ ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

- (ক) বাংলায় বর্ণ বিপর্যয়ের দুটি উদাহরণ দাও।
- (খ) যে কোনো দুটি বাংলা উপভাষার নাম লেখো।
- (গ) নিম্নলিখিত ধ্বনি-পরিবর্তনের সূত্র উল্লেখ করো :  
(১) স্পর্ধা > আস্পর্ধা  
(২) পুথি > পুঁথি
- (ঘ) ধীর ও বিলম্বিত লয়ের ছন্দ দুটি কী কী ?
- (ঙ) উদাহরণসহ 'রূপক' অলংকারের সংজ্ঞা লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) :  $৫ \times ৪ = ২০$

- (ক) উদাহরণসহ 'অপিনিহিতি' এবং 'অভিশ্রুতি'র সংজ্ঞা নির্দেশ করে তাদের পারস্পরিক সম্পর্কটি নির্দিষ্ট করো।

- (খ) টীকা লেখো (যে কোনো দুটি) :  
সমধ্বনি শব্দ ; সমাক্ষর লোপ ; স্বরভক্তি ;  
অন্ত্য স্বরাগম।
- (গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :  
চলচপলার চকিত চমকে  
করিছ চরণ বিচরণ।
- (ঘ) তোমার সিদ্ধান্তের কারণ উল্লেখ করে অলংকার নির্ণয় করো :

"দেখ সখে উৎপলাক্ষী সরোবরে নিজ অক্ষি-  
প্রতিবিশ্ব করি দরশন,  
জলে কুবলয়ভ্রমে বার বার পরিশ্রমে  
ধরিবারে করিছে যতন!"

- (ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে।  
দেখে যেন মনে হয় চিনি উহারে  
ভরা পালে চলে যায় কোনো দিকে নাহি চায়  
টেউগুলি নিরুপায় ভাঙে দুধারে॥

- (চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার  
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুশিয়ার!"

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

- (ক) শব্দার্থ পরিবর্তনের ত্রিধারা বলতে কি বোঝ ? বাংলা ভাষা থেকে উদাহরণ নিয়ে এই ত্রিধারা সম্বন্ধে আলোচনা করো।

- (খ) মধ্য বাংলার বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।
- (গ) সাধুভাষা ও চলিতভাষার মধ্যে একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।
- (ঘ) সমীভবন কাকে বলা হয়? সমীভবন কয় প্রকার ও কী কী? উদাহরণসহ প্রতিটি প্রকারভেদের সংজ্ঞা নিরূপণ করো।

- ৫। (ক) গূঢ়ার্থ প্রতীতিমূলক অলংকার কাকে বলা হয়? তোমার পাঠক্রমের অন্তর্গত দুই প্রকার গূঢ়ার্থ প্রতীতিমূলক অলংকার সম্বন্ধে উদাহরণসহ আলোচনা করো।

১০

অথবা

- (খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো দুই জোড়া অলংকারের মধ্যে পার্থক্য নির্দেশ করো :
- (১) বৃত্ত্যানুপ্রাস ও অন্ত্যানুপ্রাস
- (২) উৎপ্রেক্ষা ও সন্দেহ
- (৩) সমাসোক্তি ও অতিশয়োক্তি

- ৬। (ক) উদাহরণসহ স্বাসাঘাতপ্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

১০

অথবা

- (খ) বাংলা ছন্দের আলোচনায় 'ছেদ' কাকে বলা হয়? এই 'ছেদ' কত প্রকার ও কী কী? 'ছেদ' ও 'যতি'র সম্পর্ক ও পার্থক্য উদাহরণসহ আলোচনা করো।

★ ★ ★